

রাজনীতি

শ্রমের মর্যাদা নিশ্চিত করা মানে দেশের মর্যাদা নিশ্চিত করা: মাহদী আমিন

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: রোববার, ০৬ সেপ্টেম্বর ২০২৬, ১২:২১ PM



শ্রমজীবী মানুষকে জাতীয় অর্থনীতির মূল চালিকাশক্তি উল্লেখ করে তাঁদের মর্যাদা, ন্যায্য মজুরি, নিরাপদ কর্মপরিবেশ ও দক্ষতা বৃদ্ধির ওপর গুরুত্ব দিয়েছেন প্রধানমন্ত্রীর শ্রম ও কর্মসংস্থান এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান উপদেষ্টা মাহদী আমিন।

তিনি বলেন, “শ্রমিক শুধু শ্রম দেন না, তাঁরাই দেশের অর্থনীতির চাকা সচল রাখেন। শ্রমের মর্যাদা নিশ্চিত করা মানে দেশের মর্যাদা নিশ্চিত করা। ন্যায্য মজুরি কোনো অনুগ্রহ নয়, এটি শ্রমিকের ন্যায্য প্রাপ্য। নিরাপদ কর্মপরিবেশ প্রতিটি শ্রমিকের মৌলিক অধিকার।”

শনিবার (৫ সেপ্টেম্বর) রাজধানীর কাকরাইলে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সে বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজের (বিলস) সম্মেলন ও সাধারণ সভায় তিনি এসব কথা বলেন। “মর্যাদা, অধিকার, ন্যায্য হিস্যা নিশ্চিত এগিয়ে যাওয়ার প্রত্যয়” শীর্ষক এ সভা অনুষ্ঠিত হয়।

মাহদী আমিন বলেন, দক্ষ শ্রমিক দেশের অন্যতম বড় উৎপাদনশীল সম্পদ। প্রযুক্তির পরিবর্তনের সঙ্গে তাল মিলিয়ে শ্রমিকদের দক্ষতা ও

প্রযুক্তিগত সক্ষমতা বাড়াতে হবে। নতুন শিল্প ও মানসম্মত কর্মসংস্থান সৃষ্টির জন্য আধুনিক প্রশিক্ষণে বিনিয়োগ জরুরি।

শিল্পের স্থিতিশীলতা বজায় রাখতে মালিক-শ্রমিকের মধ্যে আস্থা ও অংশীদারত্ব গড়ে তোলার আহ্বান জানিয়ে তিনি বলেন, কর্মক্ষেত্রে ন্যায়বিচার থাকলে আস্থা তৈরি হয়, আর আস্থা থাকলে উৎপাদন বাড়ে। নারী শ্রমিকের নিরাপত্তা ও সমান সুযোগ নিশ্চিত করাও অর্থনীতির সক্ষমতা বাড়াতে গুরুত্বপূর্ণ।

দেশের বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে শ্রমজীবী মানুষের অবদানের কথা স্মরণ করে মাহদী আমিন বলেন, জুলাই গণঅভ্যুত্থানসহ দেশের গণতান্ত্রিক অগ্রযাত্রায় শ্রমজীবী মানুষ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন।

আন্তর্জাতিক শ্রমবাজারে বাংলাদেশি কর্মীদের সম্ভাবনার কথা উল্লেখ করে তিনি বলেন, বৈশ্বিক শ্রমবাজারের সঙ্গে দেশের শ্রমশক্তির সমন্বয় ঘটাতে পারলে এ সম্ভাবনা আরও বাড়বে। পাশাপাশি শ্রমজীবী পরিবারের সামাজিক নিরাপত্তায় সরকারের ‘ফ্যামিলি কার্ড’ প্রকল্পের আওতায় শ্রমজীবী নারীরাও যুক্ত হচ্ছেন।

সম্মেলনে বিলসের মহাসচিব নজরুল ইসলাম খান, সমাজকল্যাণমন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন, আইএলওর কান্ট্রি ডিরেক্টর ম্যাক্স টুনসনসহ দেশি-বিদেশি শ্রমিক সংগঠনের নেতারা বক্তব্য দেন।

এ বিভাগের আরও খবর



আপনারা আখতারুজ্জামানকে নয়, মুক্তিযুদ্ধের ইতিহাসে হাতকড়া পরিয়েছেন: ড. মাসুদ এমপি
বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ও গৃহীয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ বলেছেন, বীর মুক্তি...



রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের এগিয়ে আসার আহ্বান জামায়াত আমিরের
গুণু বয়ান করা নয়, রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের কাজ করার আহ্বান জানিয়েছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।...



মিথ্যা মামলা প্রত্যাহার করে আখতারুজ্জামানকে মুক্তি দিন: জামায়াত সেক্রেটারি
জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, বিমানবন্দরের অব্যবস্থাপনার জন্য দুজনকে বরখাস্ত করার মধ্য দিয়ে কর্তৃপক্ষই স্বীক...



বৈরাচার ও গুপ্ত এক হয়ে দেশবিরোধী ষড়যন্ত্র করছে: তারেক রহমান
বৈরাচার ও গুপ্ত আবার এক হয়ে মিলেমিশে দেশবিরোধী ষড়যন্ত্র করছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, যারা অরাজকতা তৈরি কর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/politics/shrmer-mrjada-nishchit-kra-mane-desher-mrjada-nishchit-kra-mahdi-amin>